গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৮

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ................................... ১৯

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................. ২৪

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

পরিবেশ ও বন মন্ত্রণালয় একটি বিশেষায়িত মন্ত্রণালয় হিসাবে পরিবেশ ও বন রক্ষায় কাজ করে যাচ্ছে। পরিবেশ সংরক্ষণের উদ্যোগের অংশ হিসাবে অনলাইনে পরিবেশগত ছাড়পত্রের আবেদন গ্রহণের কার্যক্রম শুরু করা হয়েছে যার প্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তর World Summit on the Information Society (WSIS) কর্তৃক ICT Applications: e-government ক্যাটাগরীতে সর্বোচ্চ পুরস্কার লাভ করেছে। রেফ্রিজারেটর, এরোসল ও ঔষধশিল্পে সিএফসিসহ ওজোনক্ষয়কারী গ্যাসের ব্যবহার পুরোপুরি বন্ধ করা হয়েছে।বাংলাদেশে সর্ব প্রথম ক্যামেরা ট্রাপিং পদ্ধতিতে সুন্দরবনের টাইগার এস্টিমেট সম্পন্ন করা হয়েছে। এর পাশাপাশি কুমির এবং হাতির সংখ্যা গণনা করা হয়েছে।সামাজিক বনায়নের মাধ্যমে ২০১৩-১৪ হতে এ পর্যন্ত মোট ৩০ হাজার ১০৬ জন উপকারভোগীকে প্রায় ৭৬ কোটি ৬৩ লক্ষ টাকার লভ্যাংশ প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের অর্থায়নে গত তিন অর্থ বছরে প্রায় ১০৩১ কোটি ৯২ লক্ষ টাকার প্রাক্কলন ব্যয়ে ২২৭টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। । জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকারের গৃহীত উদ্যোগ দেশে বিদেশে ব্যাপকভাবে সমাদৃত হয়েছে যার স্বীকৃতিস্বরুপ জাতিসংঘ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীকে ২০১৫ সালে জাতিসংঘের পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক সর্বোচ্চ পদক "Champions of the Earth"-এ ভূষিত করা হয়েছে। এছাড়া,জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বন্যা ও জলাবদ্ধ প্রবণ এলাকায় জলবায়ু পরিবর্তন অভিযোজন কৌশল হিসাবে ভাসমান সবজি ও মসলা উৎপাদন প্রযুক্তি সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটি ২০১৫ সালে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) কর্তৃক "বিশ্ব ঐতিহ্য" বা "National Heritage" হিসেবে স্বীকৃতি প্রাপ্ত হয়।গৃহ নির্মাণ সামগ্রী হিসেবে পরিবেশ বান্ধব সিমেন্ট বন্ডেড পার্টিকেল বোর্ড এবং বাঁশের যোজিত পণ্য দ্বারা টাইলস ও আসবাবপত্র তৈরী এবং টিস্যু কালচার পদ্ধতিতে ৫টি বনজ বৃক্ষ, ১ টি ফলজ বৃক্ষ, ১২ টি বাঁশ প্রজাতির বংশ বৃদ্ধির কৌশল উদ্ভাবন করা হয়েছে। ১৭৭৩ টি উদ্ভিদ প্রজাতি সনাক্ত এবং ৩০০০ টি উদ্ভিদ নমুনার যাবতীয় তথ্যাবলী সম্বলিত ডাটাবেজ তৈরী করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

মন্ত্রণালয়সহ আওতাধীন সংস্থা/অধিদপ্তরের সীমিত সক্ষমতা এ মন্ত্রণালয়ের অন্যতম সমস্যা। বিশেষ করে সকল জেলায় পরিবেশ অধিদপ্তরের অফিস না থাকার ফলে মাঠ পর্যায়ের কাজের গতি ব্যাহত হচ্ছে। শিল্পায়ন, অবকাঠামো উন্নয়ন, জবর দখল, বন্দোবস্তী দখল, জরীপের মাধ্যমে মালিকানা দাবী প্রভৃতি বন সেক্টরের একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

এ মন্ত্রণালয়ের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার জনবলসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা, শতভাগ শিল্প-কলকারখানাকে পরিবেশ আইন প্রতিপালনের আওতায় আনা, সকল জেলায় পরিবেশ অধিদপ্তরের অফিস স্থাপন করা, পার্বত্য ও উপকূলীয় বনায়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে দেশে বৃক্ষাচ্ছাদনের পরিমাণ ২০% এ উন্নীত করা, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি এবং বিএফআইডিসিকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত করা।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ৩৫০০ হেক্টর এলাকায় ব্লক ও ১২০০ কিঃমিঃ এলাকায় স্ট্রীপ বনায়নের পাশাপাশি ৪৫০০ হেক্টর এলাকাজুড়ে উপকূলীয় বনায়নের মাধ্যমে বনভূমি সম্প্রসারণ;
- শতকরা ৭৬ ভাগ শিল্প-কলকারখানাকে বর্জ্য পরিশোধনাগার স্থাপনসহ পরিবেশ আইন প্রতিপালনের আওতায় আনা ও শতকরা ৬৫ ভাগ সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তর;
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে অভিযোজন খাতে ৮৬% এবং প্রশমন খাতে ১৪% প্রকল্প গ্রহণ;
- ৫৭০ একর উন্নতমানের রাবার বাগান প্রতিষ্ঠা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী রাবার উৎপাদন ও বিক্রয়ের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি;
- উদ্ভিদ প্রজাতিসমূহের ১৪০০ টি নমুনা সংগ্রহ এবং ১০৫০ টি শ্রেণিবিন্যাসকৃত উদ্ভিদ নমুনার ডাটাবেজ তৈরি করা এবং
- গবেষণার মাধ্যমে উদ্ভাবিত গুণগত মানসম্পন্ন উদ্ভিদ প্রজাতির ৪৪০০০ চারা জনগণের কাছে বিতরণ।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

টেকসই পরিবেশ ও বন উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলা, বনজ সম্পদ উন্নয়ন ও সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই পরিবেশ ও বন নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বন সংরক্ষণ ও বনের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ
২. প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন
৩. জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি
৪. পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশগত সেবা নিশ্চিতকরণ
৫. রাবার ও কাঠজাত পণ্যের ব্যবস্থাপনা
৬. সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ
৭. বনজ সম্পদের গবেষণা ও উন্নয়ন

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থাপনা;
২. পরিবেশ সংরক্ষণ, পরিবেশের মান উন্নয়ন ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়াদি;
৩. বন সংরক্ষণ ও সম্প্রসারণ এবং বনজ সম্পদ (সরকারি ও বেসরকারি) উন্নয়ন, বৃক্ষরাজির তালিকা প্রণয়ন এবং বনজ সম্পদের মান নির্ধারণ ও উন্নয়ন;
৪. বৃক্ষরোপণ, প্রযুক্তি ভিত্তিক বন ব্যবস্থাপনা পরিচালনা, নতুন বন সৃজন ও পুনরুৎপাদিত বনজ সম্পদ আহরণ;
৫. সিনকোনা ও রাবার জাতীয় exotic বৃক্ষরোপণ, বন সম্পদ আহরন, বন সম্পদ ভিত্তিক শিল্প স্থাপন, বাজারজাত করণ ও এতদসংক্রান্ত কার্যাবলী;
৬. বন বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ পরিচালনা, কাষ্ঠল ও অকাষ্ঠল এবং অন্যান্য বনজ সম্পদের উপর গবেষণা;
৭. বোটানিক্যাল গার্ডেন রক্ষণাবেক্ষণ, উদ্ভিদ প্রজাতির জরিপ ও শ্রেণীবিন্যাসকরণ-সনাক্তকরণ ও সংরক্ষণ এবং
৮. বন্যপ্রাণী, পাখি ও জীববৈচিত্র সংরক্ষণ এবং অভয়ারণ্য সৃজন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| বৃক্ষাচ্ছাদনের সম্প্রসারণ (পার্বত্য জেলাসমূহ ব্যতীত) | বনায়নকৃত এলাকা (ব্লক) ও বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | দেশের মোট ভূমির % | ১৩.৪ | ১৩.৬ | ১৩.৮ | ১৪ | ১৫ | ভূমি মন্ত্রণালয়, জেলা প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ২০০৭ সনের ইনভেন্টরী ফলাফল ও বন বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| উপকূলীয় সবুজ বেষ্টনীর সম্প্রসারণ | বনায়নকৃত উপকূলীয় এলাকা | কিঃমিঃ | ৯৭৭ | ১০৭৯ | ১১৮১ | ১২৮৩ | ১৩৮৫ | ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সরকারী সংস্থাসমূহ | ২০০৭ সনের ইনভেন্টরী ফলাফল ও পরবর্তী বনায়ন |
| শিল্প কারখানার তরল বর্জ্য হতে দূষণ রোধ | পরিবেশগত পরিপালনের (Environmental Compliance)-এর আওতায় আসা তরল বর্জ্য উৎপাদনকারী শিল্প কারখানা | % | ৭২ | ৭৪ | ৭৬ | ৭৮ | ৮০ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| জলজ প্রতিবেশের উন্নয়ন | জলাভূমির ব্যবস্থাপনার কভারেজ | হেক্টর | | | ৪৮৫ | ৪৯২ | ৫০০ | ভূমি মন্ত্রণালয়,পানি সম্পদ মন্ত্রণালয়, মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বন সংরক্ষণ ও বনের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ | ১৭ | [১.১] বনায়ন | [১.১.১] বনায়নকৃত এলাকা (ব্লক) | হেক্টর | ৩.০০ | ৪৭০০ | ৩০০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ২৯০০ | ২৮৫০ | ৫৫০০ | ৬০০০ |
| | | | [১.১.২] বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | কিঃমিঃ | ৩.০০ | ১০৫০ | ১১০০ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ৯৫০ | ৯০০ | ১০০০ | ১০০০ |
| | | [১.২] বনভূমির ডিজিটাল ম্যাপ প্রস্তুত | [১.২.১] প্রস্তুতকৃত ম্যাপ | হেক্টর | ৩.০০ | | | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭৫০ | ১৬০০ | ৩০০০ | ৪০০০ |
| | | [১.৩] সামাজিক বনায়ন কাযক্রম | [১.৩.১] পুনঃবনায়ণ (ব্লক) | হেক্টর | ২.০০ | ১৩৩৫ | ১২০০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১৫০০ | ১৫০০ |
| | | | [১.৩.২] পুনঃবনায়ণ (স্ট্রীপ) | কিঃমিঃ | ২.০০ | ৩১৯ | ৩৫০ | ৪০০ | ৩৫০ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ৪৫০ | ৪৫০ |
| | | [১.৪] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [১.৪.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান | কোটি টাকা | ২.০০ | ৪৮ | ৪৮ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৬ | ৫০ | ৫০ |
| | | [১.৫] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.৫.১] ভ্রমনকারীর সংখ্যা | সংখ্যা লক্ষ | ২.০০ | ৪৬ | ৪৫ | ৪৭ | ৪৬ | ৪৫ | ৪৩ | ৪১ | ৪৮ | ৪৯ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন | ১৫ | [২.১] নির্দিষ্ট স্থানে ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পরিবীক্ষণ | [২.১.১] পরিবীক্ষণকৃত ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান | সংখ্যা | ২.০০ | ১২৫০ | ১৭৮৬ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ২১০০ | ২২০০ |
| | | [২.২] পরিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA) ব্যবস্থাপনায় জনগণকে সম্পৃক্তকরণ | [২.২.১] (ECA) ব্যবস্থাপনায় সম্পৃক্ত উপকার ভোগী | সংখ্যা | ২.০০ | ৩৯০০ | ৩৯৫০ | ৪০০০ | ৩৯৯০ | ৩৯৮০ | ৩৯৭০ | ৩৯৬০ | ৪০৫০ | ৪১০০ |
| | | [২.৩] কমিউনিটি বেইজড জলাভূমি ব্যবস্থাপনা | [২.৩.১] কমিউনিটি বেইজড ব্যবস্থাপনার আওতায় আনয়নকৃত জলাভূমি | সংখ্যা | ২.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [২.৪] খননের মাধ্যমে জলাশয় পুনরুদ্ধার | [২.৪.১] খননকৃত জলাশয়ের আয়তন | লক্ষ ঘন মিটার | ১.০০ | | | ৫ | ৪.৫ | ৪ | ৩.৫ | ৩ | ৬ | ৫ |
| | | [২.৫] রক্ষিত এলাকার সম্প্রসারণ | [২.৫.১] সম্প্রসারিত রক্ষিত এলাকা | হাজার হেক্টর | ২.০০ | ১৭ | ২২ | ২৪ | ২৩ | ২১ | ২০ | ১৮ | ২৫ | ২৪ |
| | | [২.৬] সমগ্র দেশের উদ্ভিদ জরিপ পরিচালনা করা এবং সকল উদ্ভিদ প্রজাতিসমূহের নমুনা সংগ্রহ করা | [২.৬.১] উদ্ভিদ জরিপের মাধ্যমে সংগৃহীত নমুনা | সংখ্যা | ২.০০ | ১০০০ | ১২০০ | ১৪০০ | ১৩৭০ | ১৩৫০ | ১৩২০ | ১৩০০ | ১৪০০ | ১৪০০ |
| | | | [২.৬.২] হারবেরিয়াম শীটে প্রদানকৃত লেবেল এবং এক্সেশন নম্বর | সংখ্যা | ২.০০ | ১৪০০ | ১৪১০ | ১৪১৫ | ১৩৫০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১৪২০ | ১৪৩০ |
| | | [২.৭] হারবেরিয়াম সংগৃহীত উদ্ভিদ নমুনাসমূহ সংশ্লিষ্ট তথ্যসহ সংরক্ষণ করা | [২.৭.১] নমুনাসমূহের প্রস্তুতকৃত ডাটাবেজ | সংখ্যা | ২.০০ | ১০০০ | ১০৫০ | ১০৫০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ১১০০ | ১১৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার সামর্থ্য বৃদ্ধি | ১২ | [৩.১] জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় গৃহীত প্রকল্পে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়ন | [৩.১.১] অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্পের হার | % | ৩.০০ | ৮৩ | ৮৫ | ৮৬ | ৮৫ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮৭ | ৮৮ |
| | | | [৩.১.২] প্রশমন খাতে অনুমোদিত প্রকল্পের হার | % | ৩.০০ | ১৭ | ১৫ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৪ | ১৩ |
| | | [৩.২] উপকূলীয় বনায়ন | [৩.২.১] বনায়নকৃত উপকূলীয় এলাকা | হেক্টর | ২.০০ | ৪২৮৩ | ২৩০০ | ৪৫০০ | ৪২০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৫০০ | ৬০০০ | ৭০০০ |
| | | [৩.৩] জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের পরিবীক্ষণ | [৩.৩.১] বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক প্রকল্পের পরিবীক্ষণ | সংখ্যা | ৪.০০ | ৮০ | ৮১ | ৮৫ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮১ | ৮৮ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশগত সেবা নিশ্চিতকরণ | ১১ | [৪.১] দূষণ রোধে উন্নত প্রযুক্তির প্রচলন ও ব্যবহার | [৪.১.১] সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | % | ২.০০ | ৫০ | ৬১.৫৮ | ৬৫ | ৬৪ | ৬৩ | ৬২.৫ | ৬২ | ৬৬ | ৬৭ |
| | | | [৪.১.২] শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | % | ২.০০ | ৭২ | ৭৩.৮৯ | ৭৬ | ৭৫.৫ | ৭৫ | ৭৪.৫ | ৭৪ | ৭৮ | ৮০ |
| | | [৪.২] ওজোন স্তর রক্ষা | [৪.২.১] ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ODP in Ton | ২.০০ | ৬৫.৩ | ৪২.৯৫ | ৬৫.৩ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ | ৬০.৩ | ৪৮.১২ |
| | | [৪.৩] পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে বিভিন্ন নমুনা পরিবীক্ষণ | [৪.৩.১] সেবা গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | সংখ্যা | ৩.০০ | ২১০০ | ৩৫৫৮ | ৪২০০ | ৪০০০ | ৩৯০০ | ৩৭০০ | ৩৬০০ | ৪৩০০ | ৪৪০০ |
| | | [৪.৪] পরিবেশগত বিষয়ে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | [৪.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | সংখ্যা | ২.০০ | ৫৮০ | ৫৮১ | ৬০০ | ৫৯৬ | ৫৯২ | ৫৯০ | ৫৮৫ | ৬২০ | ৬৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৫] রাবার ও কাঠজাত পণ্যের ব্যবস্থাপনা | ১০ | [৫.১] টেকসই ও উন্নতমানের রাবার বাগান সৃজন, রাবার উৎপাদন ও বিক্রয় | [৫.১.১] প্রক্রিয়াজাতকৃত রাবার ও ধূমায়িত (স্মোক্ড) রাবার শীট | মেঃটন | ২.০০ | ৫০০০ | ৫১০০ | ৫২০০ | ৫১৭৫ | ৫১৫০ | ৫১২৫ | ৫০০০ | ৫৩০০ | ৫৪০০ |
| | | | [৫.১.২] উৎপাদিত রাবার | মেঃটন | ২.০০ | ৫০০০ | ৫১০০ | ৫২০০ | ৫১৫০ | ৫১০০ | ৫০৭৫ | ৫০৫০ | ৫৩০০ | ৫৪০০ |
| | | | [৫.১.৩] পুনঃবনায়ন দ্বারা সৃজিত বাগান | একর | ১.০০ | ৫৫০ | ৫৬০ | ৫৭০ | ৫৬৮ | ৫৬৭ | ৫৬৬ | ৫৬৫ | ৫৮০ | ৫৯০ |
| | | | [৫.১.৪] স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিক্রিত রাবার | মেঃটন | ১.০০ | ৪৮৮৭ | ৩০০০ | ৩৫০০ | ৩৪৭৫ | ৩৪৫০ | ৩৪২৫ | ৩৪০০ | ৪০০০ | ৪১০০ |
| | | [৫.২] আসবাবপত্র তৈরি ও বিক্রয় | [৫.২.১] বিক্রিত আসবাবপত্র | হাজার ঘন ফুট | ৩.০০ | ৩৯৫ | ৩৯৯ | ৪০৫ | ৪০৩ | ৪০২ | ৪০১ | ৪০০ | ৪১০ | ৪২০ |
| | | [৫.৩] বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মুনাফা বৃদ্ধি | [৫.৩.১] উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে অর্জিত মোট মুনাফা | লক্ষ টাকা | ১.০০ | -৯৩১.৪ | ২১৬.৬ | ২২৫ | ২২৪ | ২২৩ | ২২১ | ২২০ | ২৪০ | ২৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৬] সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনা জোরদারকরণ | ৯ | [৬.১] বঙ্গোপসাগরের পানির গুণগত মান পর্যবেক্ষণ | [৬.১.১] পরিবীক্ষণকৃত বঙ্গোপসাগরের পানির গুণগত মান | সংখ্যা | ২.০০ | | | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪৫ | ৫০ |
| | | [৬.২] সমুদ্রের পানির এসিডিফিকেশন পর্যবেক্ষণ সামুদ্রিক ও উপকূলীয় ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে উপকূলীয় এলাকার জনগণের সক্ষমতা বৃদ্ধি | [৬.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত পরিবার | সংখ্যা | ২.০০ | | | ২০০ | ১৮৫ | ১৭০ | ১৬৫ | ১৬০ | ২২০ | ২৫০ |
| | | [৬.৩] সমুদ্রের পানির এসিডিফিকেশন পর্যবেক্ষণ | [৬.৩.১] সমুদ্রের পানির pH বিশ্লেষণ | সংখ্যা | ২.০০ | | - | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪৫ | ৫০ |
| | | [৬.৪] সামুদ্রিক ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনা ও এসডিফেকেশন পরিবীক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের জনবলের সক্ষমতা বৃদ্ধি | [৬.৪.১] বন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ২.০০ | | | ৮ | ৭ | ৫ | ৪ | ৩ | ১০ | ১২ |
| | | | [৬.৪.২] পরিবেশ অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪৫ | ৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৭] বনজ সম্পদের গবেষণা ও উন্নয়ন | ৬ | [৭.১] গবেষণার মাধ্যমে বাঁশের কম্পোজিট হতে নতুন আসবাবপত্র তৈরির প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষন প্রদান | [৭.১.১] প্রশিক্ষিত উপকারভোগী | সংখ্যা | ২.০০ | | | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২০০ | ৩০০ | ৩৫০ |
| | | [৭.২] গবেষণার মাধ্যমে বিভিন্ন প্রজাতির কাঠ হতে নতুন বোর্ড তৈরি | [৭.২.১] বিভিন্ন প্রজাতির কাঠ হতে তৈরিকৃত নতুন বোর্ড | সংখ্যা | ২.০০ | ৮ | ৯ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১২ |
| | | [৭.৩] গবেষণার মাধ্যমে উদ্ভাবিত উন্নত গুন সম্পন্ন চারা বিতরণ | [৭.৩.১] বিতরনকৃত চারা | সংখ্যা | ২.০০ | ৪০০০০ | ৪২০০০ | ৪৪০০০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৩৫০০০ | ৩২০০০ | ৪৬০০০ | ৪৮০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ০৪/০৮/১৬<br>............................................ |
| সচিব<br>পরিবেশ ও বন মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ০৪.০৮.২০১৬<br>............................................ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ETP | Effluent Treatment Plant |
| ২ | ODP | Ozone Depleting Potential |
| ৩ | ECA | Ecologically Critical Area |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বনায়ন | [১.১.১] বনায়নকৃত এলাকা (ব্লক) | নতুন উডলট বা কৃষি বাগান সৃজন। | বন অধিদপ্তর | প্লান্টেশন জার্নাল এবং বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | সড়ক/বাঁধ/রেলের ধারের পিতত জায়গায় নতুন বাগান সৃজন | বন অধিদপ্তর | প্লান্টেশন জার্নাল এবং বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] বনভূমির ডিজিটাল ম্যাপ প্রস্তুত | [১.২.১] প্রস্তুতকৃত ম্যাপ | বনভূমির ডিজিটাল ম্যাপ | বন অধিদপ্তর | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন এবং প্রত্যক্ষ পর্যবেক্ষণ | |
| [১.৩] সামাজিক বনায়ন কাযক্রম | [১.৩.১] পুনঃবনায়ণ (ব্লক) | মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরনের পর বন তহবিলের অর্থ হতে পুনঃ বাগান সৃজন | বন অধিদপ্তর | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | মেয়াদ উত্তীণ বাগানের ওপর নির্ভরশীল |
| | [১.৩.২] পুনঃবনায়ণ (স্ট্রীপ) | মেয়াদ উত্তীণ© বাগানের গাছ আহরেনর পর বন তহিবেলর অথ© হতে পুনঃবাগান সৃজন | বন অধিদপ্তর | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | [১.৪.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান | মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ বিক্রীর অর্থ থেকে সংশ্লিষ্ট পক্ষ গণের মধ্যে লভ্যাংশ বিতরণ | বন অধিদপ্তর | ব্যাংক স্টেটমেন্ট এবং বন বিভাগের রেকর্ড | সামাজিক বনায়ন বিধিমালা অনুযায়ী |
| [১.৫] ইকোট্যুরিজম উন্নয়ন | [১.৫.১] ভ্রমনকারীর সংখ্যা | চিত্ত বিনোদনের লক্ষ্যে বন বিভাগ নিয়ন্ত্রনাধীন জাতীয় উদ্যান বোটানিক্যাল গার্ডেন ইকোপার্ক আগত দর্শণার্থী | বন অধিদপ্তর | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন এবং বন বিভাগের রেকর্ড | |
| [২.১] নির্দিষ্ট স্থানে ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পরিবীক্ষণ | [২.১.১] পরিবীক্ষণকৃত ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান | বৈজ্ঞানিক প্রযুক্তি ব্যবহার করে ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পরিবীক্ষণ | পরিবেশ অধিদপ্তর | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] পরিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA) ব্যবস্থাপনায় জনগণকে সম্পৃক্তকরণ | [২.২.১] (ECA) ব্যবস্থাপনায় সম্পৃক্ত উপকার ভোগী | প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা হচ্ছে মানুয়ের কর্মকান্ড দ্বারা ক্ষতিগ্রস্থ বা সম্ভাব্য ক্ষতিগ্রস্থ প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা যা বাংলাদেশ সরকার দ্বারা ঘোষিত । এক্ষেত্রে হাকালুকি হাওর ও কক্সবাজার-টেকনাফ পেনিনসুলায় অবস্থিত ECA ব্যবস্থাপনায় জনগণের সম্পৃক্ততাকে বোঝান হয়েছে | পরিবেশ অধিদপ্তর | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] কমিউনিটি বেইজড জলাভূমি ব্যবস্থাপনা | [২.৩.১] কমিউনিটি বেইজড ব্যবস্থাপনার আওতায় আনয়নকৃত জলাভূমি | স্থানীয় জনগোষ্ঠীর সরাসরি সম্পৃক্ততার মাধ্যমে জলাভূমির ব্যবস্থাপনা | পরিবেশ অধিদপ্তর | পরিবেশ ও বন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] খননের মাধ্যমে জলাশয় পুনরুদ্ধার | [২.৪.১] খননকৃত জলাশয়ের আয়তন | জলাভূমি পুনরুদ্ধারের জন্য কৃত খননকাজ | বন অধিদপ্তর | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | নতুন সংযোজন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৫] রক্ষিত এলাকার সম্প্রসারণ | [২.৫.১] সম্প্রসারিত রক্ষিত এলাকা | জীব বৈচিত্র সংরক্ষণের লক্ষ্যে স্থাপিত রক্ষিত এলাকার বৃদ্ধি | বন অধিদপ্তর | বন বিভাগের রেকর্ড এবং বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | জীন পুল সংরক্ষণের লক্ষ্যে গৃহীত কার্যক্রম |
| [২.৬] সমগ্র দেশের উদ্ভিদ জরিপ পরিচালনা করা এবং সকল উদ্ভিদ প্রজাতিসমূহের নমুনা সংগ্রহ করা | [২.৬.১] উদ্ভিদ জরিপের মাধ্যমে সংগৃহীত নমুনা | হারবেরিয়ামের বিজ্ঞানী কর্তৃক সংগৃহীত উদ্ভিদ প্রজাতিসমূহের ফুল, ফল এবং তথ্যসমেত নমুনা | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | ফিল্ড নোটবুক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের রেজিস্টার এবং বার্ষিক প্রতিবেদন | বাধ্যতামূলক কাজ |
| | [২.৬.২] হারবেরিয়াম শীটে প্রদানকৃত লেবেল এবং এক্সেশন নম্বর | সংগৃহীত উদ্ভিদ নমুনাকে শুকিয়ে সাদা মাউন্টিং শীটে আঠা দিয়ে লাগানো হয় এবং তার সাথে সংশ্লিষ্ট তথ্যসমূহ যেমন সংগ্রহের তারিখ, বৈজ্ঞানিক নাম, পরিবার, ব্যবহার, সংগ্রহের স্থান ও সংগ্রহকারীর নাম ইত্যাদি থাকে। এক্সেশন নম্বর হচ্ছে একটি অনন্য (Unique) সনাক্তকরণ সংখ্যা। | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | ন্যাশনার হারবেরিয়ামের রেজিস্টার,হারবেরিয়ামকাপবোর্ড এবং বার্ষিক প্রতিবেদন। | নিয়মিত কাজ |
| [২.৭] হারবেরিয়াম সংগৃহীত উদ্ভিদ নমুনাসমূহ সংশ্লিষ্ট তথ্যসহ সংরক্ষণ করা | [২.৭.১] নমুনাসমূহের প্রস্তুতকৃত ডাটাবেজ | হারবেরিয়াম নমুনাসমূহ সংশ্লিষ্ট তথ্যসহ কম্পিউটার সফ্টওয়ারে সংরক্ষণ করা হয় যাতে পরবর্তীতে ব্যবহারকারীদের নিকট সহজলভ্য হয় | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের কম্পিউটার ডাটাবেজ্ এবং বার্ষিক প্রতিবেদন | ডিজিটাল হারবেরিয়াম পরিকল্পনাকৃত কাজের অংশ |
| [৩.১] জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় গৃহীত প্রকল্পে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়ন | [৩.১.১] অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্পের হার | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্পের হার | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) | বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] প্রশমন খাতে অনুমোদিত প্রকল্পের হার | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রশমন খাতে অনুমোদিত প্রকল্পের হার | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) | বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] উপকূলীয় বনায়ন | [৩.২.১] বনায়নকৃত উপকূলীয় এলাকা | উপকূলীয় জেগে ওঠা চরের স্থায়ীত্ব ও নতুন ভূমি জেগে ওঠায় সহায়তার উদ্দেশ্যে উপকূলে বন বাগান সৃজন | বন অধিদপ্তর | উপকূলীয় চরে উৎপাদিত বাগানের প্লান্টেশন জার্নাল ও বন বিভাগের বার্ষিক প্রতিবেদন। | |
| [৩.৩] জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের পরিবীক্ষণ | [৩.৩.১] বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক প্রকল্পের পরিবীক্ষণ | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক গঠিত ৪টি মনিটরিং টিম দ্বারা বাস্তবায়িত প্রকল্পের কাজ পরিদর্শন। | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) | পরিদর্শন প্রতিবেদন, বিসিসিটি-এর বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] দূষণ রোধে উন্নত প্রযুক্তির প্রচলন ও ব্যবহার | [৪.১.১] সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৩ এর আলোকে হাইব্রিড হফম্যান কিলন, জিগজ্যাগ কিলন, ভার্টিক্যাল শ্যাফ্ট কিলন প্রভৃতি পদ্ধতি ব্যবহার করে ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তর | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.১.২] শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | ইটিপি হচ্ছে সবচেয়ে সাশ্রয়ী ও পরিক্ষীত প্রযুক্তি যার মাধ্যমে অযাচিত, বিষাক্ত ও বিপজ্জনক রাসায়নিক দ্রব্য তরল বর্জ্য থেকে অপসারণ করা যায় যা দূষণ নিয়ন্ত্রণের প্রয়োজনীয় মানদন্ড পূরণ করে | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] ওজোন স্তর রক্ষা | [৪.২.১] ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ওজোনস্তর সূর্য দ্বারা নিঃসরিত অতিবিগুনী রশ্মির ক্ষতিকর প্রভাব হতে পৃথিবীকে রক্ষা করে এবং ওজনস্তর চর্ম, ক্যান্সার, চোখের ছানি এবং শষ্য বীজ ও সমুদ্র প্লাংটনের উপর বিরুপ প্রভাব থেকে রক্ষা করে। ওজনস্তর ক্ষয়কারী দ্রব্য হচ্ছে মানব সৃষ্ট রাসায়নিক দ্রব্য যা ওজন স্তর(স্ট্রাটোস্ফিয়ার) ক্ষতি করে এবং তা দ্বারা পৃথিবী ও জীব সম্প্রদায়ের স্বাস্থ্য ঝুঁকিসহ সম্ভাব্য ক্ষতির আশংকা বৃদ্ধি করে। আলোচ্য ক্ষেত্রে ODP –এ ছাড়পত্র প্রদানকে বোঝান হয়েছে। | পরিবেশ অধিদপ্তর | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | বিভিন্ন ধরনের ওজোন স্তর ক্ষয়কারী বস্তু(Ozone Depleting Substance, ODS)-কে তাদের গুনগত মানের একক (Ozone Depleting Potential, ODP )হিসেবে প্রকাশ করা হয় |
| [৪.৩] পরিবেশ অধিদপ্তরের গবেষণাগারে বিভিন্ন নমুনা পরিবীক্ষণ | [৪.৩.১] সেবা গ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | পরিবেশগত সেবার অংশ হিসেবে ল্যাবরেটরীতে তরল বর্জ্যর নমুনা বিশ্লেষণ | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] পরিবেশগত বিষয়ে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম | [৪.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | পরিবেশ দূষণ বিষয়ে ব্যাক্ত বা প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কিংবা সংবাদপত্রে প্রকাশিত অভিযোগের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য সংকলন ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] টেকসই ও উন্নতমানের রাবার বাগান সৃজন, রাবার উৎপাদন ও বিক্রয় | [৫.১.১] প্রকৃয়াজাতকৃত রাবার ও ধূমায়িত (স্মোব্ড) রাবার শীট | রাবার প্রকৃয়াজাতকৃত ও ধূমায়িত | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.১.২] উৎপাদিত রাবার | বীজ রোপন হতে প্রক্রিয়াজাতকরণ শেষে উৎপন্ন রাবার | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.১.৩] পুনঃবনায়ন দ্বারা সৃজিত বাগান | মেয়াদ উত্তীর্ন রাবার বাগানের গাছ আহরনের পর পুনঃবনায়ন কার্যক্রম | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.১.৪] স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিক্রিত রাবার | উৎপাদিত রাবার স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিক্রি | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.২] আসবাবপত্র তৈরি ও বিক্রয় | [৫.২.১] বিক্রিত আসবাবপত্র | উৎপাদিত আসবাবপত্র স্থানীয় বাজারে বিক্রি | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৩] বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের মুনাফা বৃদ্ধি | [৫.৩.১] উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে অর্জিত মোট মুনাফা | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন কর্তৃক উৎপাদিত রাবার ও আসবাবপত্র বিক্রয়ের মাধ্যমে অর্জিত মুনাফা দ্বারা এটিকে লাভজনক সংস্থা হিসাবে প্রতিষ্ঠা করা | বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) | বিএফআইডিসি –এর বার্ষিক প্রতিবেদন | |
| [৬.১] বঙ্গোপসাগরের পানির গুণগত মান পর্যবেক্ষণ | [৬.১.১] পরিবীক্ষণকৃত বঙ্গোপসাগরের পানির গুণগত মান | বঙ্গোপসাগরের পানির গুণগত মান পরীক্ষার জন্য লবনাক্ততা, দ্রবীভূত কঠিন উপাদান, দ্রবীভূত অক্সিজেনসহ প্রয়োজনীয় পরীক্ষাসমূহ করা। যেমনঃ Electric Conductivity, salinity, BoD, CoD, Total Dissolved Solids (TDS), turbidity, Suspended Solid(SS), Dissolve Oxigen(DO) ইত্যাদি পরীক্ষা। | পরিবেশ অধিদপ্তর | প্রকল্প বাস্তবায়ন রিপোর্ট ও পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৬.২] সমুদ্রের পানির এসিডিফিকেশন পর্যবেক্ষণ সামুদ্রিক ও উপকূলীয় ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে উপকূলীয় এলাকার জনগণের সক্ষমতা বৃদ্ধি | [৬.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত পরিবার | সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে আয়োজিত সভা, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণকৃত উপকূলীয় জনগোষ্ঠী | পরিবেশ ও বন অধিদপ্তর | পরিবেশ অধিদপ্তরের ও বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৬.৩] সমুদ্রের পানির এসিডিফিকেশন পর্যবেক্ষণ | [৬.৩.১] সমুদ্রের পানির pH বিশ্লেষণ | সমুদ্রের পানির এসিডিফিকেশন পরীক্ষার জন্য সমুদ্রের পানির pH পরীক্ষা | পরিবেশ অধিদপ্তর | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৬.৪] সামুদ্রিক ইকোসিস্টেম-এর টেকসই ব্যবস্থাপনা ও এসডিফেকেশন পরিবীক্ষণের লক্ষ্যে অধিদপ্তরের জনবলেরর সক্ষমতা বৃদ্ধি | [৬.৪.১] বন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | বন অধিদপ্তরের কর্মীদের সমুদ্র সম্পদ ব্যবস্থাপনায় দক্ষতা অর্জনের নিমিত্ত দেশে বিদেশে আয়োজিত প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তার সংখ্যা | বন অধিদপ্তর | বন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ড | |
| | [৬.৪.২] পরিবেশ অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা | সমুদ্র সম্পদের টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে দেশে বিদেশে আয়োজিত সভা, সেমিনার, কর্মশালায় ও প্রশিক্ষনে প্রেরিত কর্মকর্তার সংখ্যা | পরিবেশ অধিদপ্তর | পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৭.১] গবেষণার মাধ্যমে বাঁশের কম্পোজিট হতে নতুন আসবাবপত্র তৈরির প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষন প্রদান | [৭.১.১] প্রশিক্ষিত উপকারভোগী | বাঁশের পণ্য তৈরির ব্যবসায়ী এবং এই ব্যবসায় আগ্রহী উদ্যোক্তা (ব্যক্তি ও প্রতিষ্ঠান) | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন | মন্ডের কাঁচামাল হিসাবে ব্যাবহারের জন্য |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৭.২] গবেষণার মাধ্যমে বিভিন্ন প্রজাতির কাঠ হতে নতুন বোর্ড তৈরি | [৭.২.১] বিভিন্ন প্রজাতির কাঠ হতে তৈরিকৃত নতুন বোর্ড | বিভিন্ন প্রজাতির কাঠ হতে মাধ্যম ঘনত্বের ফাইবার বোর্ড এবং হার্ডবোর্ড বানানো। গাছের ফাইবারের সাথে ইউরিয়া ফরমালডিহাইড গ্লু মিশিয়ে হট প্রেসের মাধ্যমে এ বোর্ড তৈরি করা হয়। এ ধরণের বোর্ড ফার্নিচার তৈরিতে ব্যবহার করা হয় | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন | |
| [৭.৩] গবেষণার মাধ্যমে উদ্ভাবিত উন্নত গুন সম্পন্ন চারা বিতরণ | [৭.৩.১] বিতরনকৃত চারা | গুনগত মান সম্পন্ন বীজ ও চারার বিষয়ে জনসচেতনতা সৃষ্টি ও এর ব্যবহারকে জনপ্রিয়তা করার লক্ষ্যে জনসাধারনের কাছে বিতরন | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | বিএফআরআই এর বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | স্থানীয় জেলা প্রশাসন | (ECA) ব্যবস্থাপনায় সম্পৃক্ত উপকার ভোগী | জনসাধারনের সম্পৃক্ততা নিশ্চিতকরণ | কার্যক্রম সফল বাস্তবায়নের জন্য | পরিবেশগত সংকটাপন্ন এলাকা (ECA) ব্যবস্থাপনার কাজ ব্যাহত হবে |
| অন্যান্য | শিল্প মন্ত্রণালয়/ শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা | সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | পরিবেশগত বিধিবিধান পালনের প্রতিশ্রুতি ও মনোভাব | শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে উন্নত প্রযুক্তির ইটভাটা স্থাপন ব্যাহত হবে, পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে ETP স্থাপন ত্বরান্বিত হবেনা। | শিল্প দূষণ বৃদ্ধি পাবে। |
| অন্যান্য | শিল্প মন্ত্রণালয়/ শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাসকৃত ব্যবহার | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার হ্রাসের মনোভাব ও উদ্যোগ | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার পুরোপুরি হ্রাসের জন্য | ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবহার পুরোপুরি হ্রাস পাবেনা |
| অন্যান্য | সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, জেলা পরিষদ, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর। | বনায়নকৃত এলাকা (স্ট্রীপ),বনায়নকৃত এলাকা (ব্লক) | সড়ক/বাঁধ ও রেলের ধারের পতিত জায়গা বনায়নের মাধ্যমে উৎপাদনমুখী করে তোলার কাজে সহায়তা। | সড়ক/বাঁধ রেলের ধারের পতিত জায়গায় স্থানীয় জনগোষ্ঠীর সমন্বয়ে সামাজিক বনায়নে সহায়তা প্রদান। যা বনজ সম্পদ বৃদ্ধি ও দারিদ্র" বিমোচনে অবদান রাখবে। | সামাজিক বনায়ন বিঘ্নিত হবে, উপকারভোগীগন লভ্যাংশ থেকে বঞ্চিত হবে। সংরক্ষিত বনের ওপর চাপ বৃদ্ধি পাবে। |
| অন্যান্য | সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, জেলা পরিষদ, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর। | বিতরণকৃত লভ্যাংশের পরিমান | বন বিভাগের সাথে স্থানীয় পর্যায়ে চুক্তি সম্পাদন এবং অব্যবহৃত জায়গায় বনায়নে এবং মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরণে সহায়তা করা। | বনায়নের মাধ্যমে অব্যবহৃত পতিত জায়গা উৎপাদন মূখী রাখা, বনজসম্পদ বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচন। | উপকারভোগীদের মাঝে বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হবে, বন সংশ্লিষ্ট অপরাধ বৃদ্ধি পাবে। |
| অন্যান্য | জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় প্রকল্প দাখিলকারী মন্ত্রণালয় | অভিযোজন খাতে অনুমোদিত প্রকল্পের হার,প্রশমন খাতে অনুমোদিত প্রকল্পের হার | অভিযোজন খাতে অধিক সংখ্যক প্রকল্প দাখিল, প্রশমন খাতে কম সংখ্যক প্রকল্প দাখিল | দেশের চাহিদা অনুযায়ী যথাযথ খাতে কার্যক্রম গ্রহণ | এক্ষেত্রে দেশের চাহিদা অনুযায়ী কার্যক্রম গ্রহণ বিঘ্নিত হবে |
| অন্যান্য | জেলা প্রশাসন ও ভূমি মন্ত্রণালয় | বনায়নকৃত উপকূলীয় এলাকা | উপকূলীয় জেগে ওঠা চর বনায়ন ব্যাতীত ভিন্ন কাজে বন্দোবস্ত না দেয়ার মন্ত্রি পরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুসরণ করা | জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় উপকূলীয় বন সৃজন ও সংরক্ষণ প্রয়োজন। | সামুদ্রিক জলোচ্ছাস ও, ঘুর্ণঝিড় এর প্রভাবে ক্ষয়ক্ষতি বৃদ্ধি পাবে |
| অন্যান্য | নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ নেভী, কোষ্ট গার্ড, পানিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ,বিশ্ববিদ্যালয় | সমুদ্রের পানির pH বিশ্লেষণ,পরিবীক্ষণকৃত বঙ্গোপসাগরের পানির গুণগত মান | বঙ্গোপসাগরে প্রবেশের জন্য অনুমতি ও পরিবহণ ব্যবস্থা প্রদান এবং ল্যাব সুবিধাসহ কারিগরী সহায়তা প্রদান | সমুদ্রের পানির দূষণ প্রতিরোধের জন্য নিয়মিত পরিবীক্ষণ প্রয়োজন। | বঙ্গোপসাগরের পানির গুণগত মান মনিটর করা সম্ভব হবেনা |

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | শিল্প মন্ত্রণালয়/ শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা | শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | পরিবেশগত বিধিবিধান পালনের প্রতিশ্রুতি ও মনোভাব | পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে ETP স্থাপন ত্বরান্বিত হবেনা। | শিল্প দূষণ বৃদ্ধি পাবে। |